

রাবির দশম সমাবর্তন স্থগিত

রাবি সংবাদদাতা ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) দশম সমাবর্তনের সভাপতি ও শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদের অসুস্থির কারণে সমাবর্তন স্থগিত ঘোষণা করা হয়েছে। ২৪ মার্চ অনুষ্ঠিতব্য এ সমাবর্তনে শিক্ষামন্ত্রী উপস্থিত থাকতে অপারগতা জানালে মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের প্লানিং কমিটির জরুরী সভায় সমাবর্তন স্থগিতের সিদ্ধান্ত নেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের প্রশাসক অধ্যাপক ড. প্রভাষ কুমার কর্মকার এ তথ্য নিশ্চিত করেন। এর আগে ২০১৬ সালের ২৪ ডিসেম্বরে দশম সমাবর্তনের আয়োজন করে সাবেক উপাচার্য অধ্যাপক ড. মুহম্মদ মিজানউদ্দিন। কিন্তু প্রশাসনিক জটিলতায় তখন বন্ধ হয়ে যায় এই সমাবর্তনের কার্যক্রম। এরপর ২০১৭ সালের মে মাসে বর্তমান উপাচার্য অধ্যাপক আব্দুস সোবহান দায়িত্ব নেবার পর চলতি বছর ২৪ মার্চ নির্ধারিত হয় সমাবর্তনের তারিখ।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়।
সম্পাদক কর্তৃক গ্লোব জনকন্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকন্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকন্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইকাটন,
জিপিও বাস্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪ ৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকন্ঠ: www.edailyjanakantha.com

Copyright © All rights reserved by dailyjanakantha.com